# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৬১৯৫

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - নবী (সা.) -এর পবিত্র স্ত্রীগণের মর্যাদা

اَلْفصْلُ الثَّالِثُ (بَابُ مَنَاقِبِ أَزْوَاجِ)

### আরবী

وَعَنْ مُوسَى بْنِ طَلْحَةَ قَالَ: مَا رَأَيْتُ أَحَدًا أَفْصَحَ مِنْ عَائِشَةَ. رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ غَرِيبٌ

اسناده ضعيف ، رواه الترمذى (3884) * فيه عبد الملک بن عمير مدلس و عنعن و المفهوم صحيح

### বাংলা

৬১৯৫-[১২] মূসা ইবনু ত্বলহাহ্ (রহিমাহুল্লাহ) হতে বর্ণিত। তিনি বলেন, ‘‘আয়িশাহ্ (রাঃ)-এর চেয়ে শুদ্ধভাষী আর কাউকে দেখিনি। [ইমাম তিরমিযী (রহিমাহুল্লাহ) হাদীসটি বর্ণনা করেছেন এবং তিনি বলেছেন, হাদীসটি হাসান, সহীহ ও গরীব]

### ফুটনোট

সহীহ: তিরমিযী ৩৮৮৪, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ১৮৮১৩, আল মুসতাদরাক লিল হাকিম ৬৭৩৫।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: তুহফাতুল আহওয়াযীতে বলা হয়েছে, বিশুদ্ধভাষী বলতে বুঝানো হয় এমন ব্যক্তিকে যে, এমন বিশুদ্ধ ভাষায় কথা বলে যা মানুষের কাছে বিশুদ্ধ হিসেবে পরিচিত। আর ‘আয়িশাহ্ (রাঃ) এ জাতীয় বিশুদ্ধভাষিণী ছিলেন। (তুহফাতুল আহওয়াযী ৯ম খণ্ড, হা. ৩৮৯৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ মূসা ইবনু তালহা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86171

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন